THE BANGLADESH OBSERVER

তারিখ ... FEB-28 2000 ... ...
পৃষ্ঠা 22 কলাম 6 .....

# ১ম বর্ষ বি,এস-সি, ইঞ্জিনিয়ারিং কোর্সে

# ভর্তি বিজ্ঞপ্তি

## বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি)

## খুলনা/ চট্টগ্রাম/ রাজশাহী

## শিক্ষা বর্ষ- ১৯৯৯-২০০০

বিআইটি, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী-তে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে প্রতি বিভাগে ৬০টি করে মোট ৭২০টি আসনে ১ম বর্ষ কম্পিউটার বিজ্ঞান ও কৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, পুরকৌশল ও যন্ত্রকৌশল বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি পরীক্ষা বিআইটি খুলনা, চট্টগ্রাম ও রাজশাহীতে সম্মিলিতভাবে একই প্রশ্নে একই তারিখে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং প্রার্থীদের পছন্দের ভিত্তিতে উপরোক্ত তিন বিআইটির বিভিন্ন বিভাগে ছাত্র ভর্তি করা হবে।

২। **ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা ঃ**

(ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীকে ৫০% নম্বর পেয়ে পাস হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে।

গ) প্রার্থীকে ১৯৯৮ অথবা ১৯৯৯ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে ৫০% নম্বর পেয়ে দ্বিতীয় বিভাগে পাস হতে হবে। এই পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে গড়ে অন্ততঃ ৬০% নম্বর এবং পৃথকভাবে প্রতিটিতে অন্ততঃ ৫০% নম্বর পেতে হবে অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের কোন পরীক্ষায় এবং উক্ত বিষয়গুলিতে কমপক্ষে সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাস হতে হবে।

ঘ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) এর উপজাতীয় ও স্থায়ী বাসিন্দা এবং রাখাইন সম্প্রদায়ের জন্য ২৪তম পদাতিক ডিভিশন এর জিওসি কর্তৃক মনোনয়ন এর মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য ঃ

১) ১৯৯৮ এবং ১৯৯৯ শিক্ষা বর্ষের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে প্রতি বিষয়ে গড়ে অন্ততঃ ৪০ (চল্লিশ)% নম্বর পেতে হবে।

২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অন্ততঃ ২য় (দ্বিতীয়) বিভাগে উত্তীর্ণ হতে হবে।

৩। **দরখাস্ত করার নিয়ম ঃ**

ক) দরখাস্তের নির্ধারিত ফরম ও আনুষাংগিক নিয়মাবলী ও তথ্য সম্বলিত ভর্তি নির্দেশিকা ৩০০/- (তিনশত) টাকার ড্রাফট এর বিনিময়ে পরিচালক, বিআইটি, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী এর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে সংগ্রহ করা যাবে। ডাকযোগে ফরম পেতে হলে নীচের যে কোন একটি ঠিকানায় ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফটসহ ১৫.০০ (পনের) টাকার ডাক টিকেট সম্বলিত প্রার্থীর ঠিকানাযুক্ত ২৫ সে.মি × ১৪ সে.মি (আনুমানিক) আকারের একটি খাম পাঠাতে হবে।

| ড্রাফট করার পদ্ধতি | ফরম প্রাপ্তি ও জমা দেওয়ার ঠিকানা |
|---|---|
| সভাপতি, ভর্তি কমিটি, বিআইটি, খুলনা-এর অনুকূলে শুধুমাত্র জনতা ব্যাংক বিআইটি শাখা, খুলনা-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহনযোগ্য নহে)। | ১। পরিচালক,<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি, খুলনা।<br>খুলনা-৯২০৩। |
| সভাপতি, ভর্তি কমিটি, বিআইটি, চট্টগ্রাম-এর অনুকূলে শুধুমাত্র সোনালী ব্যাংক বিআইটি শাখা, চট্টগ্রাম-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহনযোগ্য নহে)। | ২। পরিচালক,<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি, চট্টগ্রাম।<br>চট্টগ্রাম-৪৩৪৯। |
| সভাপতি, ভর্তি কমিটি, বিআইটি, রাজশাহী-এর অনুকূলে শুধুমাত্র রূপালী ব্যাংক বিআইটি শাখা, রাজশাহী-এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহনযোগ্য নহে)। | ৩। পরিচালক,<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি, রাজশাহী।<br>রাজশাহী-৬২০৪। |

দ্রষ্টব্য ঃ (ক) যেহেতু সকল দরখাস্ত কেন্দ্রীয়ভাবে বিবেচনা করা হবে, সেহেতু একজন প্রার্থীর জন্য একটি দরখাস্তই যথেষ্ট। দরখাস্ত যে কেন্দ্রেই জমা দেয়া হোক না কেন শুধুমাত্র ভর্তি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা এবং নিজস্ব পছন্দের ক্রমানুসারে আসন নির্ধারণ করা হবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখিত নির্দেশ মোতাবেক ভর্তি ফরম ও কার্ড পুরণ করতে হবে এবং নির্দেশিত সনদ পত্রাদি দরখাস্তের সাথে জমা দিতে হবে।

৪। **ভর্তি পরীক্ষার নিয়ম ঃ**

ক) বিআইটি খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী-তে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল সঠিক দরখাস্তের মধ্য থেকে গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন এই তিন বিষয়ে পাওয়া মোট নম্বরের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এই তালিকা থেকে প্রথম ৬০০০ (ছয় হাজার) জন প্রার্থীকে খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী বিআইটি-তে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের সুযোগ দেয়া হবে। তবে সংরক্ষিত আসনের প্রার্থীদের সকলকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকায় উল্লেখ আছে।

খ) ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্য প্রার্থীদের সম্পূর্ন তালিকা তিনটি বিআইটি এবং বিআইটি কাউন্সিলের (বাড়ী নং-১৬, রোড নং-১৫ (নতুন), পুরাতন-২৮, ধানমন্ডি আ/এ, ঢাকা) এর নোটিশ বোর্ডে দেয়া হবে। এ সম্পর্কে পত্রিকাতেও সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি দেয়া হবে। প্রার্থীদের নিজ দায়িত্বে তাদের সংশ্লিষ্ট কেন্দ্রের নাম জেনে নিতে হবে।

৬। **ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচী ঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনপত্র বিক্রয় আরম্ভ | ৮ ই মার্চ, ২০০০ ইং বুধবার |
| খ) | দরখাস্ত জমা দেওয়ার শেষ সময়সীমা (ডাকযোগে বা ব্যক্তিগতভাবে)। | ১৩ ই এপ্রিল, ২০০০ ইং বৃহস্পতিবার, বিকাল ৫ঃ০০ টা |
| গ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা ও নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নাম প্রকাশ। | ৩০ শে এপ্রিল, ২০০০ ইং রবিবার। |
| ঘ) | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ১২ ই মে, ২০০০ ইং, শুক্রবার, সকাল ৯ঃ০০ টা হতে দুপুর ১২ঃ৩০ টা পর্যন্ত |
| ঙ) | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ। | ৩১ শে মে, ২০০০ ইং, বুধবার। |

৭। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য পরিচালক, বিআইটি, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহীর দপ্তরে যোগাযোগ করতে হবে।

**(অধ্যাপক ডঃ শ্যামল কান্তি বিশ্বাস)**
সভাপতি, সম্মিলিত ভর্তি কমিটি, বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি
খুলনা/ চট্টগ্রাম/ রাজশাহী এবং পরিচালক, বিআইটি, চট্টগ্রাম।

ডি-২৩৪৯